

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৩৭

১১/ জানাযা

পরিচ্ছেদঃ রোগের চিকিৎসা

আরবী

وعن عطَاء بن أبي رَباحٍ قَالَ: قَالَ لِي ابنُ عَباسٍ رَضِيَ اللهُ عَنْهُما: أَلاَ أُريكَ امْرَأَةً مِنْ أَهْلِ الجَنَّة؛ فَقُلْتُ: بَلَى قَالَ: هذهِ المَرْأَةُ السَّودَاءُ أَتَتِ النَّبِيَّ عَيَّالِيُّ فَقَالَتْ: إِنِّي أُصْرَعُ، وَإِنِّي أَتَكَشَّفُ فَادْعُ اللهَ تَعَالَى لِي قَالَ إِنْ شَنْتِ صَبَرتِ وَلَكِ الْجَنَّةُ وَإِنْ شَنْتِ دَعُوتُ وَإِنِّ شَنْتِ دَعُوتُ الله تَعَالَى أَنْ يُعَافِيكِ فَقَالَتْ: إِنِّي أَتَكَشَّفُ فَادَعُ الله أَنْ لا أَتَكَشَّف فَدَعَا لَهَا مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(১২৩৭) আত্বা ইবনে আবী রাবাহ (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা ইবনে আব্বাস (রাঃ) আমাকে বললেন, আমি কি তোমাকে একটি জারাতী মহিলা দেখাব না!' আমি বললাম, হ্যাঁ! তিনি বললেন, এই কৃষ্ণকায় মহিলাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে বলল যে, আমার মৃগী রোগ আছে, আর সে কারণে আমার দেহ থেকে কাপড় সরে যায়। সুতরাং আপনি আমার জন্য দু'আ করুন। তিনি বললেন, তুমি যদি চাও তাহলে সবর কর; এর বিনিময়ে তোমার জন্য জারাত রয়েছে। আর যদি চাও তাহলে আমি তোমার রোগ নিরাময়ের জন্য আল্লাহ তাআলার নিকটে দু'আ করব। স্ত্রীলোকটি বলল, আমি সবর করব। অতঃপর সে বলল, (রোগ উঠার সময়) আমার দেহ থেকে কাপড় সরে যায়, সুতরাং আপনি আল্লাহর কাছে দু'আ করন, যেন আমার দেহ থেকে কাপড় সরে না যায়। ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য দু'আ করলেন।

ফুটনোট

(বুখারী ৫৬৫২, মুসলিম ৬৭৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন